

২০২৩-২৪ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলা কৃষি প্রণোদনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী:-

সভাপতি :- শংকর চন্দ্র বৈদ্য

উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

স্থান :- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।

তারিখ:- ০৩/০৯/২০২৩ খ্রি: সময়:- সকাল ১১.৩০টা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিবিষ্ট “ক”তে সংযোজিত।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ২০২৩-২৪ অর্থবছরে কৃষকদের মাঝে বিনা মূল্যে মাসকলাই বিতরণের জন্য প্রণোদনা কর্মসূচির বরাদ্দ এবং নীতিমালা উপস্থাপনের জন্য সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, নড়িয়া, শরীয়তপুরকে অনুরোধ জানান।

জনাব কৃষিবিদ রোকনুজ্জামান উপজেলা কৃষি অফিসার, নড়িয়া, শরীয়তপুরকে প্রণোদনা সংক্রান্ত কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.২৪৩, তারিখ:- ২১-০৮-২০২৩খ্রি: পত্র সভায় পাঠ করে শোনান। তিনি জানান যে, নড়িয়া উপজেলা কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ১৩০ জন কৃষকের মাঝে বিনা মূল্যে মাসকলাই বিতরণের জন্য ১,৩৬,৫০০/- (একলক্ষ ছত্রিশ হাজার পাঁচশত) টাকার আর্থিক সহায়তা পাওয়া গেছে।

সভায় প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা বিভিন্ন ইউনিয়নে মাসকলাই আবাদ বিবেচনা করে নিম্নোক্তভাবে প্রাপ্ত বরাদ্দের উপজেলাভিত্তিক বিভাজন দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | ইউনিয়নের নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | মন্তব্য |
|------|---------------|-------------------------|--|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | মোজারেরচর | ৮ | ২০২২-২৩ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারী মাসকলাই আবাদের ভিত্তিতে বিভাজন দেওয়া হলো |
| ০২ | রাজনগর | ৮ | |
| ০৩ | নশাসন | ৮ | |
| ০৪ | জপসা | ৮ | |
| ০৫ | ভোজেশ্বর | ৮ | |
| ০৬ | ফতেজঙ্গপুর | ৮ | |
| ০৭ | বিঝারী | ৮ | |
| ০৮ | চামটা | ৮ | |
| ০৯ | ডিম্ভামানিক | ৮ | |
| ১০ | ঘড়িঘার | ১৩ | |
| ১১ | কেদারপুর | ৮ | |
| ১২ | ভূমখাড়া | ৮ | |
| ১৩ | নড়িয়া | ৮ | |
| ১৪ | চরআত্রা | ৮ | |
| ১৫ | নওপাড়া | ১৩ | |
| | মোট | ১৩০ জন | |

**কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি সহায়তার বিবরণ:-

| ক্রম | ফসলের নাম | কৃষক প্রতি বীজের পরিমাণ | সার মন্তব্য | | মন্তব্য |
|------|-----------|-------------------------|-------------|-------|---------|
| | | | ডিএপি | এমওপি | |
| ০১ | মাসকলাই | ৫ কেজি | ১০ | ৫ | |

**কৃষি প্রণোদনার নীতিমালা :-